SNAP চাকুরির শর্তসমূহ

সম্পুরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program), বা SNAP এর প্রাপকদের কি চাকুরি করতে হবে?

16 থেকে 59 বছর বয়সী সব SNAP প্রাপককে চাকুরি করতে হবে, যদি-না তারা এই শর্তাগুলির মধ্যে একটি পূরণ করে:

- ছয় বছরের কম বয়সী বাচ্চার পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত;
- কোনো শারীরিক বা মানসিক অসুস্থতার কারণে কাজ করতে অক্ষম;
- একজন অক্ষম ব্যক্তিকে সারাক্ষণের জন্য দেখাশুনা করতে হয়; অথবা
- বেকারত্ব বিমা সুবিধার জন্য আবেদন করছেন বা পাচ্ছেন; অথবা
- একজন শিক্ষার্থী যিনি অন্তত আংশিক সময়ের জন্য স্কুলে, একটি প্রশিক্ষণ কর্মসূচিতে, বা উচ্চশিক্ষার জন্য একটি প্রতিষ্ঠানে নিবন্ধিত আছেন; বা
- কোনো মাদকাসক্তি বা অ্যালকোহলিক চিকিৎসা বা নিরাময় কর্মসূচিতে একজন নিয়মিত অংশগ্রহণকারী হন।

শর্তগুলি কী?

যাদের SNAP এর জন্য চাকুরি করা আবশ্যক তাদের অবশ্যই নিম্নলিখিতগুলি করতে হবে:

- রেফার বা অফার করা উপযুক্ত চাকুরি গ্রহণ করতে হবে;
- চাকুরির স্থিতি এবং চাকুরির জন্য উপলভ্য কিনা সেই সম্পর্কিত সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের অনুরোধগুলির উত্তর দিতে হবে এবং
- নিয়োগ করা হলে, সপ্তাহে 30 ঘণ্টা পর্যন্ত চাকুরি করতে হবে; এবং
- নিজের ইচ্ছায় চাকুরি ছাড়তে বা কর্মঘণ্টা কমাতে পারবেন না।

SNAP এ অংশগ্রহণকারীরা যে কাজগুলি পেতে পারেন, সেগুলির মধ্যে আছে:

- **কাজের অভিজ্ঞতা:** কর্মস্থলের দক্ষতা প্রদর্শন ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে মানুষের চাকুরি পাওয়ার সুযোগ বৃদ্ধিতে নিয়োজিত সরকারি বা অলাভজনক প্রতিষ্ঠানগুলোতে কাজ করার সুযোগ;
- **চাকুরি অনুসন্ধান এবং চাকুরি করার জন্য তৈরি হওয়ার সহায়তা:** উপলভ্য চাকুরিগুলি খুঁজতে এবং একটি রিজিউমে তৈরি করা শেখানো, চাকুরির আবেদন পূরণ, চাকুরির জন্য ইন্টারভিউ, ক্যারিয়ার অন্বেষণ এবং অন্যান্য কার্যকলাপের জন্য তৈরি হতে সহায়তা করা;
- **শিক্ষা:** স্বাক্ষর হওয়ার জন্য প্রশিক্ষণ, উচ্চ বিদ্যালয় সমতুল ডিপ্লোমার জন্য প্রস্তুতি, দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি পড়া, এবং অন্যান্য শিক্ষা সংক্রান্ত কার্যকলাপের মতো কার্যকলাপসমূহ; এবং/অথবা
- **চাকুরির দক্ষতার প্রশিক্ষণ:** কাজ-নির্দিষ্ট দক্ষতাগুলি শিখতে সহায়তা করা, কখনও কখনও প্রশিক্ষণ সম্পূর্ণ হয়েছে তা নিয়োগকারীদের প্রদর্শন করতে একটি শংসাপত্র পাওয়া।

কেউ মেনে না চললে কী হবে?

ন্যায্য কারণ ছাড়া, SNAP চাকুরির শর্তগুলি কেউ মেনে চলতে না চাইলে বা মানতে না পারলে তার একটি শাস্তি হতে পারে এবং শাস্তিটি কার্যকর থাকাকালীন তিনি SNAP পাওয়ার যোগ্য থাকবেন না। শাস্তির সময়কাল, ওই ব্যক্তি SNAP চাকুরির শর্তগুলি মেনে না চলার জন্য আগে কতবার শাস্তি ভোগ করেছেন তার উপর নির্ভর করে।

ABAWD কী?

ABAWD এর অর্থ হল "নির্ভরশীল ব্যক্তি বিহীন সক্ষম প্রাপ্তবয়স্ক (able-bodied adult without dependents, ABAWD)"। যুক্তরাষ্ট্রী য় আইন অনুযায়ী একটি 36 মাসের সময়কালে, তিন মাসের বেশি সময়ের জন্য SNAP সুবিধাগুলি পাওয়ার জন্য ABAWD দের চাকুরির অতিরিক্ত শর্তগুলি পূরণ করতে হবে। তাদের অবশ্যই মাসে অন্তত 80 ঘণ্টার জন্য যোগ্যতা নির্ণায়ক চাকুরির কার্যকলাপে অংশগ্রহণ করতে হবে, তাদের সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের ABAWD ব্যতিক্রম নীতি অনুযায়ী একটি ব্যতিক্রম হিসাবে স্বীকৃত হতে হবে, বা মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি দপ্তর (U.S. Department of Agriculture) দ্বারা অনুমোদিত একটি ছাড়প্রাপ্ত অঞ্চলে বসবাস করতে হবে। স্টেটের কোন অঞ্চল কাজ করার শর্ত থেকে ছাড় পাবে সে সম্পর্কে যুক্তরাষ্ট্র প্রশাসনের কঠোর নীতি আছে, সাধারণত সেই অঞ্চলের বেকারত্বের হার বেশি হতে হয়।

কোনো ব্যতিক্রম আছে কি?

SNAP প্রাপক যাদের SNAP কাজের শর্ত পূরণ করতে হবে এবং নিম্নলিখিত মানদণ্ডগুলির যে কোনো একটি পূরণ করেন, তাদের ABAWD কাজের শর্তগুলি পূরণ করতে হবে না, কিন্তু তবুও তাদের সাময়িক সহায়তা (Temporary Assistance) এবং/বা SNAP কর্মসংস্থান এবং প্রশিক্ষণ (SNAP Employment and Training) কর্মসূচিগুলি অনুযায়ী অর্পিত কার্যকলাপে অংশগ্রহণ করতে হবে:

- একজন 18 বছর বা তা কম বয়সী ব্যক্তি থাকা একটি SNAP পরিবারে বসবাসকারী অভিভাবক বা অন্য প্রাপ্ত বয়স্ক;
- 18 বছরের কম বা 50 বছর বা তার বেশি বয়সী;
- গর্ভবতী;
- একটি শারীরিক বা মানসিক সীমাবদ্ধতার জন্য মাসে অন্তত 80 ঘণ্টার জন্য কাজ করতে অপারগ;
- প্রবীনদের প্রতিবন্ধকতা ভাতা পাচ্ছেন; বা
- নিউইয়র্ক স্টেট প্রতিবন্ধকতা সুবিধাগুলির মতো, কোনো সরকারি বা বেসরকারি উৎস থেকে প্রতিবন্ধকতার জন্য সুবিধাগুলি পাচ্ছেন।

ABAWD-দের জন্য শর্তগুলি কী?

36-মাস সময়কালের মধ্যে তিন মাসের বেশি সময় ধরে SNAP সুবিধাগুলির জন্য যোগ্যতা বজায় রাখতে, ABAWD-দের প্রত্যেক মাসে অবশ্যই নিম্নলিখিতগুলির মধ্যে অন্তত একটি পূরণ করতে হবে এবং অংশগ্রহণ নথিবদ্ধ করতে হবে:

- অন্তত 80 ঘণ্টার জন্য কাজ ("কাজের বিনিময়ে অর্থ ছাড়া অন্য কিছু পাওয়া" এবং স্বেচ্ছাসেবকের কাজসহ);
- সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্ট দ্বারা অনুমোদিত একটি যোগ্যতা নির্ণায়ক চাকুরি/প্রশিক্ষণ কর্মসূচিতে অন্তত 80 ঘণ্টা অংশগ্রহণ করতে হবে;
- মাসিক SNAP সুবিধা, তাকে যুক্তরাষ্ট্রীয় বা স্টেটের ন্যূনতম মজুরি দিয়ে ভাগ করলে যে ভাগফল, তার সম সংখ্যক ঘণ্টার জন্য একটি কাজের অভিজ্ঞতার কর্মসূচিতে (Work Experience Program, WEP) নিয়োজিত থাকতে হবে;
- ওয়ার্কফোর্স ইনোভেশন অ্যান্ড অপরচুনিটি অ্যাক্ট (Workforce Innovation and Opportunity Act, WIOA) বা ট্রেড অ্যাক্ট (Trade Act) এর অধীনে একটি কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে, যা অন্তত 80 ঘণ্টার জন্য চাকুরি অনুসন্ধান, চাকুরির জন্য প্রস্তুতি, চাকুরি সংক্রান্ত দক্ষতার প্রশিক্ষণ বা শিক্ষামূলক কার্যকলাপগুলিকে অন্তর্ভুক্ত করবে; বা
- কাজ বা যোগ্যতা নির্ণায়ক কাজের কর্মসূচির একটি সমন্বয়ে অন্তত 80 ঘণ্টা অংশগ্রহণ করতে হবে।

কোনো ABAWD যাদের একটি চাকুরি অনুসন্ধান বা একটি চাকুরির কার্যকলাপে অংশগ্রহণের জন্য সহায়তা প্রয়োজন যাতে তারা তিন মাসের বেশি সময় ধরে SNAP সুবিধা পেতে পারেন, তাদের সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের কাছে সহায়তা চাইতে হবে। ব্যক্তিটি যাতে SNAP সুবিধাগুলি পাওয়া অব্যাহত রাখতে একটি কার্যকলাপে অংশগ্রহণ করার সুযোগ পান ডিস্ট্রিক্ট তা নিশ্চিত করবে।

SNAP E&T কর্মসূচি কী?

সমগ্র নিউ ইয়র্ক স্টেটে 39টি প্রতিষ্ঠান আছে যারা চাকুরির উপর ফোকাস করে SNAP এমপ্লয়মেন্ট এবং প্রশিক্ষণ কর্মসূচির (SNAP Employment and Training Program, SNAP E&T) মাধ্যমে শিক্ষা এবং প্রশিক্ষণ পরিষেবাগুলি প্রদান করে। ভেঞ্চার IV SNAP E&T কর্মসূচি (Venture IV SNAP E&T Program) SNAP প্রাপকদের একটি চাকুরি পেতে সহায়তা করার জন্য দক্ষতা, প্রশিক্ষণ বা কাজের অভিজ্ঞতা লাভ করতে সহায়তা করে।

এই কর্মসূচিটি যেসব ব্যক্তি চাকুরি পেতে নানা প্রতিবন্ধকতার সম্মুখীন হন তাদের লক্ষ্য করে প্রণীত, এসব প্রতিবন্ধকার মধ্যে রয়েছে ফৌজদারি বা মাদক অপব্যবহারের পূর্ব-ইতিহাস থাকা, স্বল্প শিক্ষা, কাজের অভিজ্ঞতা কম থাকা, বেকার বা আংশিক বেকার থাকা, ইংরেজি জ্ঞান কম থাকা, বা হাই স্কুল ডিপ্লোমা না থাকা প্রভৃতি। কর্মসূচিটি 16 থেকে 24 বছর বয়সী যোগ্য তরুণদেরও সুবিধা প্রদান করে। অংশগ্রহণকারীগণ যাতে স্থানীয় নিয়োগকারীদের চাহিদা মতো যোগ্যতা অর্জন করতে পারেন সেইজন্য পরিষেবা প্রদানকারীরা স্থানীয় ওয়ার্কফোর্স ইনভেস্টমেন্ট বোর্ড (Workforce Investment Boards)-গুলির প্রয়োজনের সাথে তাল মিলিয়ে কাজ করেন।

এই তথ্য পত্র কর্মসূচির সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে এবং যোগ্যতা নির্ধারণ বা কোনো ব্যক্তি বা পরিবারের জন্য কর্মসূচির আবশ্যিকতা সংজ্ঞায়িত করার উদ্দেশ্যে নয়।

Pub-5105-BE (Rev. 04/19)